রেজিস্ট্রার দপ্তর
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**Office of the Registrar**
Pirojpur Science and Technology University

স্মারক : পিবিপ্রবি/রেজিস্ট্রার দপ্তর/ক্যান্টিন বরাদ্দ /২০২৬/

তারিখ : ০৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

**লজিভেশন বিডি**
**২৫৬/৭, পুলিশ লাইন সড়ক,**
**পূর্ব শিকারপুর, পিরোজপুর-৮৫০০**

**বিষয় : চুক্তি সম্পাদনের নোটিশ (NOA)**

এই মর্মে অবগত করা যাচ্ছে যে, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের পাশে অবস্থিত ভাড়াকৃত টিনশেড বাড়িতে ক্যান্টিন পরিচালনার জন্য মাসিক ৫,০০০.০০ টাকা এবং বাৎসরিক ৬০,০০০.০০ টাকা মূল্যে ২২.০৯.২০২৬ তারিখে দাখিলকৃত আপনার দরপত্র পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।
অতএব, আপনাকে নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ করা যাচ্ছে :

(ক) এই নোটিশ জারি করার ২ (দুই) কার্য দিবসের মধ্যে আপনি চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণ করেছেন মর্মে লিখিতভাবে অবহিত করবেন;

(খ) কার্য-সম্পাদন জামানত হিসাবে ২০,০০০.০০ (বিশ হাজার টাকা মাত্র) টাকা নির্দিষ্ট ছকে চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণের ৫ (সাত) দিনের মধ্যে দাখিল করবেন; এবং

(গ) চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করবেন।

কেবল উপরিউক্ত কার্যক্রম সম্পন্ন করার পর আপনি পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের পাশে অবস্থিত ভাড়াকৃত টিনশেড বাড়িতে ক্যান্টিন পরিচালনার শুরু করতে পারবেন। অনুগ্রহপূর্বক মনে রাখবেন যে, এই চুক্তি সম্পাদন নোটিশ চুক্তির অংশ হিসাবে গণ্য হবে, যা আপনার জন্য বাধ্যতামূলক হবে। এই নোটিশের সাথে খসড়া চুক্তিপত্র এবং অন্যান্য দলিলের অনুলিপি আপনার সযত্ন পর্যবেক্ষণ ও স্বাক্ষরের জন্য সংযুক্ত করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

২৪/০৯/২০২৬

(মো: আহসান হাবীব)
রেজিস্ট্রার
পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১) উপ-পরিচালক (অর্থ ও হিসাব), পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়;
২) পিএস টু ভিসি, পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়;
৩) অফিস কপি।

CamScanner